জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪

সূচী

ধারাসমূহ

১। সংক্ষিপ্ত শিরোনামা
২। সংজ্ঞা
৩। সংসদ সচিবালয় গঠন
৪। সংসদ সচিবালয়ের দায়িত্ব ও কর্তব্য
৫। সংসদ সচিবালয়ের কর্তৃত্ব
৬। সংসদ সচিবালয়ের কার্যপদ্ধতি
৭। সংসদ সচিবালয় কমিশন
৮। সংসদ সচিবালয়ের বাজেট
৯। বাজেট
১০। সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ
১১। চাকুরীর সাধারণ শর্তাবলী
১২। বেতন, ইত্যাদি সম্পর্কে বিধান
১৩। শৃংখলামূলক ব্যবস্থা
১৪। সংসদের নিকট স্পীকারের দায়িত্ব
১৫। সচিবের প্রশাসনিক দায়িত্ব
১৬। সংসদ সদস্যদের সংসদ সচিবালয়ের সহিত যোগাযোগ
১৭। সংসদ সচিবালয়ের কার্যসময়
১৮। অর্থ ব্যয়
১৯। সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি
২০। সংসদ সদস্যগণের অবগতিমূলক কর্মসূচী
২১। বিধি প্রণয়ন

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪

১৯৯৪ সনের ৮ নং আইন

[১৮ মে, ১৯৯৪]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭৯ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় সংসদ সচিবালয় গঠন এবং উহার কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সম্পর্কে বিধান প্রণয়নের জন্য প্রণীত আইন।

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭৯ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় সংসদ সচিবালয়ের গঠন এবং উহার কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ সম্পর্কে বিধান প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন;

(খ) "কর্মকর্তা বা কর্মচারী" অর্থ সংসদ সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারী;

(গ) "চীফ হুইপ" অর্থ সংসদের চীফ হুইপ;

(ঘ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঙ) "বিরোধী দলের উপ-নেতা" অর্থ বিরোধী দলের নেতা কর্তৃক সংসদে বিরোধী দলের উপ-নেতারূপে মনোনীত কোন সংসদ সদস্য;

(চ) "বিরোধী দলের নেতা" অর্থ স্পীকারের বিবেচনামতে যে সংসদ-সদস্য সাময়িকভাবে সংসদে সরকারের বিরোধীতাকারী সর্বোচ্চ সংখ্যক সদস্য লইয়া গঠিত ক্ষেত্রমত দল বা অধিসংঘের নেতা;

(ছ) "সচিব" অর্থ সংসদ সচিবালয়ের সচিব বা সাময়িকভাবে তাহার দায়িত্ব পালনরত কোন ব্যক্তি;

(জ) "স্পীকার" অর্থ সংসদের স্পীকার এবং সংবিধানের ৭৪ অনুচ্ছেদ অনুসারে সাময়িকভাবে স্পীকারের পদে অধিষ্ঠিত ব্যক্তি;

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(ঝ) "সংসদ" অর্থ জাতীয় সংসদ;

(ঞ) "সংসদ উপ-নেতা" অর্থ প্রধানমন্ত্রী কর্তৃক সংসদ উপ-নেতারূপে মনোনীত কোন সংসদ-সদস্য;

(ট) "সংসদ-নেতা" অর্থ প্রধানমন্ত্রী;

(ঠ) "সংসদ সচিবালয়" অর্থ জাতীয় সংসদ সচিবালয়;

(ড) "সংসদ সচিবালয় কমিশন" অর্থ এই আইনের ধারা ৭ এর অধীন গঠিত সংসদ সচিবালয় কমিশন;

(ঢ) "সংসদ-সদস্য" অর্থ সংসদের কোন সদস্য; এবং

(ণ) "হুইপ" অর্থ সংসদের হুইপ।

সংসদ সচিবালয় গঠন

৩। (১) সংবিধানের ৭৯ অনুচ্ছেদ অনুযায়ী সংসদের নিজস্ব সচিবালয় থাকিবে।

(২) সংসদ সচিবালয় সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তরের প্রশাসনিক আওতাধীন থাকিবে না।

(৩) সংসদ সচিবালয় বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে গঠিত হইবে।

সংসদ সচিবালয়ের দায়িত্ব ও কর্তব্য

৪। (১) সংসদ সচিবালয় সংসদের জন্য প্রয়োজনীয় সকল সাচিবিক দায়িত্ব পালন করিবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালীবিধি দ্বারা সংসদ সচিবালয়ের উপর আরোপিত যাবতীয় কর্তব্য সম্পাদন করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য ছাড়াও সংসদ সচিবালয় বিশেষ করিয়া নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবেঃ

(ক) সংসদ নেতার সহিত পরামর্শক্রমে সংবিধান মোতাবেক সংসদ অধিবেশন আহ্বান ও স্থগিতকরণ সম্পর্কিত সাচিবিক কার্যাবলী;

(খ) সংসদ সচিবালয় গ্রন্থাগার পরিচালনা ও ব্যবস্থাপনা;

(গ) সংসদের স্থায়ী কমিটিসমূহ ও অন্যান্য সকল কমিটির সভা আহ্বান, উহাতে সাচিবিক সহায়তা প্রদান ও উহার কার্যবিবরণী প্রস্তুতকরণ;

(ঘ) সংসদের কার্যবিবরণী লিপিবদ্ধকরণ, সম্পাদনা, মুদ্রণ ও প্রকাশনা;

(ঙ) সংসদ-সদস্যগণের সংসদীয় কার্যাবলী ও দায়িত্ব পালনের জন্য তাঁহাদিগকে প্রয়োজনীয় সহায়তা করা;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(চ) সংসদ-সদস্যগণের আবাসন সম্পর্কিত বিষয়াদির তত্ত্বাবধান;

(ছ) সংসদের ক্যাফেটেরিয়ার তদারক ও উন্নতি সাধন;

(জ) স্পীকার, ডেপুটি স্পীকার, চীফ হুইপ, বিরোধী দলের নেতা, সংসদ উপ- নেতা, বিরোধী দলের উপ-নেতা, হুইপগণ ও সংসদ-সদস্যগণকে দেয় পারিশ্রমিক ও ভাতাদি প্রদান সম্পর্কিত কার্যাবলী;

(ঝ) সংসদ-সদস্য ভবনসমূহের আসবাবপত্র সরবরাহকরণ;

(ঞ) আন্তঃ সংসদীয় ইউনিয়ন, কমনওয়েলথ পার্লামেন্টারী এসোসিয়েশন ও সার্কভুক্ত দেশসমূহের পার্লামেন্টের সহিত যোগাযোগ;

(ট) সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর সহিত পরামর্শক্রমে আন্তর্জাতিক সংসদীয় কনভেনশন এবং দ্বি-পাক্ষিক ভিত্তিতে বিভিন্ন দেশের সহিত সংসদীয় প্রতিনিধিদল বিনিময় সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;

(ঠ) সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য রক্ষিত আবাসিক ভবনসমূহের বরাদ্দ প্রদান;

(ড) সংসদ সচিবালয়ের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা;

(ঢ) সংসদ সচিবালয় সম্পর্কিত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

সংসদ সচিবালয়ের কর্তৃত্ব

৫। (১) সংসদ সচিবালয়ের প্রশাসনিক দায়িত্ব স্পীকারের উপর ন্যস্ত থাকিবে।

(২) স্পীকার তাহার এই দায়িত্ব স্বয়ং পালন করিবেন অথবা বিধি দ্বারা নির্ধারিত কোন কর্মকর্তার উপর অর্পণ করিবেন।

সংসদ সচিবালয়ের কার্যপদ্ধতি

৬। (১) সংসদ সচিবালয় সরকারের যে কোন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর বা অফিসের সহিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানের সহিত সরাসরি যোগাযোগ করিতে পারিবে।

(২) স্পীকার বিধি বা স্থায়ী আদেশ দ্বারা সংসদ সচিবালয়ের কার্যাবলী বণ্টন ও পরিচালনার ব্যবস্থা করিবেন।

সংসদ সচিবালয় কমিশন

৭। (১) নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে গঠিত একটি সংসদ সচিবালয় থাকিবে, যথাঃ-

(ক) স্পীকার, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) প্রধানমন্ত্রী বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন সংসদ সদস্য;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(গ) সংসদের বিরোধীদলীয় নেতা বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন সংসদ সদস্য;

(ঘ) সংসদ বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত সংসদ সদস্য;

(ঙ) অর্থ মন্ত্রী বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন সংসদ সদস্য।

(২) সংসদ সচিবালয় কমিশন সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের সংখ্যা নির্ধারণ, তাহাদের সংখ্যার হ্রাস-বৃদ্ধি এবং উক্ত সচিবালয়ের বার্ষিক বাজেট প্রণয়ন ও বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ব্যাপারে পরামর্শ প্রদান করিবে।

(৩) সংসদ সচিবালয় কমিশন উহার নিজস্ব কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

সংসদ সচিবালয়ের বাজেট

৮। (১) প্রত্যেক অর্থ-বৎসর সম্পর্কে উক্ত বৎসরের জন্য সংসদ সচিবালয়ের অনুমিত ব্যয় সম্বলিত একটি বিবৃতি স্পীকার উক্ত বৎসর শুরু হইবার অন্ততঃ তিন মাস পূর্বে প্রস্তুত করাইবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত বিবৃতিতে স্পীকার, ডেপুটি স্পীকার, চীফ হুইপ, বিরোধীদলীয় নেতা, সংসদ উপ-নেতা, হুইপগণ ও সংসদ-সদস্যগণকে দেয় পারিশ্রমিক ও ভাতাদি এবং সংসদ সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে দেয় বেতন ও ভাতাদি এবং সংসদ সচিবালয় ও সদস্য ভবনসমূহের প্রশাসনিক ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

(৩) স্পীকার উপ-ধারা (২) এ উল্লিখিত বিবৃতি অর্থ মন্ত্রীর নিকট সরকারের বর্ধিত আর্থিক বিবৃতির সহিত সংযুক্ত করিবার জন্য প্রেরণ করিবেন।

(৪) সংসদের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ও ভাতাদি সংসদ সচিবালয়ের সকল প্রশাসনিক ব্যয় সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় হইবে।

বাজেট

৯। অনুমোদিত ব্যয়ের ব্যাপারে সচিবালয়ের দায়িত্বঃ সংসদ সচিবালয়ের জন্য বাৎসরিক বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সংসদ সচিবালয় মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে কেবল সংসদের নিকট দায়ী থাকিবে।

সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ

১০। (১) সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিযুক্ত হইবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত বিধি প্রণীত না হওয়া পর্যন্ত The Parliament Secretariat Officers and Employees Recruitment Rules, 1982 অনুসারে উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ নিযুক্ত হইবেন।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(২) এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে সংসদ সচিবালয়ে কার্যরত কর্মকর্তা ও কর্মচারীগণ, উক্ত সচিবালয়ে প্রেষণে কার্যরত কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যতীত, এই আইন প্রবর্তনের সংগে সংগে উক্ত সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

চাকুরীর সাধারণ শর্তাবলী

১১। এই আইনের বিধানাবলী সাপেক্ষে, প্রজাতন্ত্রের অসামরিক পদে নিযুক্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য চাকুরীর শর্তাবলী সংসদ সচিবালয়ে নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

বেতন, ইত্যাদি সম্পর্কে বিধান

১২। সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বেতন, ভাতা, ছুটি, ভবিষ্য তহবিল, গ্রাচুইটি, পেনশন ও চাকুরীর অন্যান্য সুযোগ-সুবিধা সংক্রান্ত আইন ও বিধিমালা, প্রয়োজনীয় অভিযোজনসহকারে, সংসদ সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

শৃংখলামূলক ব্যবস্থা

১৩। সংসদ সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে গ্রহণীয় শৃংখলামূলক ব্যবস্থা বিধি দ্বারা নির্ধারিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শৃংখলা ও আপীল সংক্রান্ত আইন ও বিধিমালা, প্রয়োজনীয় অভিযোজনসহকারে, সংসদ সবিচালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

সংসদের নিকট স্পীকারের দায়িত্ব

১৪। সংসদ সচিবালয়ের যাবতীয় কর্মকাণ্ডের জন্য স্পীকার সংসদের নিকট দায়ী থাকিবেন।

সচিবের প্রশাসনিক দায়িত্ব

১৫। (১) সংসদ সচিবালয়ের যাবতীয় কাজকর্ম সুচারুরূপে সম্পাদনের জন্য সচিব স্পীকারের নিকট দায়ী থাকিবেন।

(২) সংসদ সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী স্পীকারের সার্বিক নিয়ন্ত্রণে সচিবের নিকট দায়ী থাকিবেন এবং তাহার প্রত্যক্ষ তত্ত্বাবধানে তাহারা তাহাদের কাজ-কর্ম পরিচালনা করিবেন।

সংসদ সদস্যদের সংসদ সচিবালয়ের সহিত যোগাযোগ

১৬। কোন সংসদ সদস্য সংসদ সচিবালয়ের সহিত কোন বিষয়ে যোগাযোগের প্রয়োজনবোধ করিলে তিনি সরাসরি সচিবের সহিত বা তাঁহার দায়িত্ব পালনরত অন্য কোন কর্মকর্তার সহিত যোগাযোগ করিতে পারিবেন।

সংসদ সচিবালয়ের কার্যসময়

১৭। সংসদ সচিবালয়ের কার্যসময় স্পীকার কর্তৃক নির্ধারিত হইবে।

অর্থ ব্যয়

১৮। সংসদ সচিবালয়ের জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ ব্যয় অনুমোদনের ব্যাপারে স্পীকার চূড়ান্ত কর্তৃপক্ষ হইবেন।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি

১৯। (১) স্পীকার, সংসদ সচিবালয় কমিশনের সহিত পরামর্শক্রমে, সংসদ সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা কোন পদ বিলোপ এবং প্রয়োজনবোধে কোন নতুন পদ সৃষ্টি করিতে পারিবেন।

(২) কর্মকর্তা বা কর্মচারীর সংখ্যা হ্রাস বা বৃদ্ধি বা কোন পদ বিলোপ বা নতুন পদ সৃষ্টির ক্ষেত্রে স্পীকার, সংসদ সচিবালয় কমিশনের সহিত পরামর্শক্রমে, সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

সংসদ সদস্যগণের অবগতিমূলক কর্মসূচী

২০। স্পীকার সংসদের কার্যাবলী ও সংসদ সচিবালয়ের কার্যপদ্ধতি সম্পর্কে সংসদ সদস্যগণকে সম্যকভাবে অবহিত করার লক্ষ্যে যথাযথভাবে অবগতিমূলক কর্মসূচী গ্রহণের জন্য, সংসদ নেতা, বিরোধী দলের নেতা ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর সহিত পরামর্শক্রমে সংসদ সচিবালয়কে নির্দেশ দিতে পারিবেন এবং তাঁহার এই নির্দেশ অনুযায়ী সংসদ সচিবালয় উক্তরূপ কর্মসূচীর ব্যবস্থা করিবে।

বিধি প্রণয়ন

২১। (১) স্পীকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সংসদ সচিবালয় কমিশনের সহিত পরামর্শক্রমে সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষ করিয়া এবং উপরি-উক্ত ক্ষমতার সামগ্রিকতা ক্ষুণ্ন না করিয়া নিম্নবর্ণিত সকল বা যে কোন বিষয়ে উক্তরূপ বিধি প্রণয়ন করা যাইবে:

(ক) সংসদ সচিবালয়ের উন্নয়ন বিন্যাস ও কর্মপ্রণালী;

(খ) কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে দায়িত্ব বণ্টন;

(গ) কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়ন্ত্রণ;

(ঘ) নথিপত্র সংরক্ষণ;

(ঙ) লাইব্রেরী পরিচালনা;

(চ) পারিতোষিক, ভ্রমণ বিল প্রস্তুতকরণ ও উহার স্বাক্ষর এবং প্রতিস্বাক্ষর;

(ছ) সংসদ সচিবালয়ের নিরাপত্তা;

(জ) সংসদ সদস্যগণের জন্য আবাসন সম্পর্কে যাবতীয় বিষয়;

(ঝ) সংসদ সদস্যগণের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা সংক্রান্ত বিল প্রস্তুতকরণ এবং ঐ সকল বিল সম্পর্কিত প্রাসঙ্গিক কার্যাবলী সম্পাদন।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.